



নাসীরুদ্দীন পাটওয়ারীর হাতে শাপলা কলি তুলে দিলেন জামায়াত আমির



সংগৃহীত ছবি

ঢাকা-৮ আসনের প্রার্থী ও এনসিপির প্রধান সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারীর হাতে শাপলা কলি প্রতীক তুলে দেন জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। একই অনুষ্ঠানে ঢাকা-৬ আসনের প্রার্থী আব্দুল মান্নান পান দাঁড়িপাল্লা প্রতীক।

রোববার (২৫ জানুয়ারি) বিকেলে পুরান ঢাকার ধূপখোলা মাঠে আয়োজিত জনসভায় প্রতীক হস্তান্তর করা হয়। বক্তব্যে জামায়াত আমির বলেন, জোটের পক্ষ থেকে ঢাকা-৮ আসনে নাসীরুদ্দীন পাটওয়ারীকে নেতৃত্বের দায়িত্ব দেওয়া হয়েছে। তার নিরাপত্তা ও সফলতার জন্য দোয়া কামনা করেন তিনি এবং নির্বাচনে বিজয়ের প্রত্যাশা ব্যক্ত করেন।

তিনি আরও বলেন, শাপলা কলি প্রতীকটি জোটের ঐক্যের প্রতীক। দাঁড়িপাল্লা, ছাতা, দেয়ালঘড়ি, রিকশাসহ জোটের অন্যান্য প্রতীকও এই এক প্রতীকের ভেতর দিয়ে ঐক্যের বার্তা দিচ্ছে। প্রার্থীর পক্ষে সর্বাঙ্গিক কাজ করার অঙ্গীকারও জানান তিনি।

LENS ASIA